সিনিয়র সিস্টেম এনালিস্ট এর কার্যালয়
ডায়েরী নং ৫৬ তারিখ ২০/০২/২৬

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ টেলিভিশন
সদর দপ্তর
রামপুরা, ঢাকা-১২১৯।
www.btv.gov.bd

গণভোট ২০২৬
সংসদ নির্বাচন
দেশের চাবি
আপনার হাতে

নথি নং-১৫.৫৪.০০০০.০০০.০২১.০৬.০০০১.২৬. ৫৫৪

তারিখ: ২৬ মাঘ ১৪৩২
০৯ ফেব্রুয়ারি ২০২৬

বিষয়: জানুয়ারি ২০২৬ মাসে অনুষ্ঠিত মাসিক সমন্বয় সভার কার্যবিবরণী প্রেরণ

গত ২৬.০১.২০২৬ তারিখে বিটিভি সদর দপ্তরে মহাপরিচালক মহোদয়ের সভাপতিত্বে অনুষ্ঠিত মাসিক সমন্বয় সভার কার্যবিবরণী এসাথে প্রেরণ করা হলো। কার্যবিবরণীর সিদ্ধান্তসমূহ বাস্তবায়নের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণপূর্বক বাস্তবায়ন অগ্রগতির তথ্য আগামী ১৮.০২.২০২৬ তারিখের মধ্যে এ কার্যালয়ে প্রেরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

**সংযুক্ত:** সভার কার্যবিবরণী

০৯.০২.২০২৬
(মোহাম্মদ মোজাম্মেল হক)
সহকারী পরিচালক (প্রশাসন)
ফোনঃ ৫৫১৩১৯১৮ (অফিস)

বিতরণ: সদয় কার্যার্থে-

(জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

০১। উপমহাপরিচালক (প্রশাসন ও অর্থ), বাংলাদেশ টেলিভিশন, ঢাকা
০২। উপমহাপরিচালক (অনুষ্ঠান/বার্তা), বাংলাদেশ টেলিভিশন, ঢাকা
০৩। প্রধান প্রকৌশলী, বাংলাদেশ টেলিভিশন, ঢাকা
০৪। পরিচালক.......................................(সকল), বাংলাদেশ টেলিভিশন, ঢাকা
০৫। জেনারেল ম্যানেজার, বাংলাদেশ টেলিভিশন, ঢাকা/চট্টগ্রাম কেন্দ্র
০৬। সিনিয়র সিস্টেম এনালিস্ট, বাংলাদেশ টেলিভিশন, ঢাকা (কার্যবিবরণী ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)
০৭। মুখ্য বার্তা সম্পাদক, বাংলাদেশ টেলিভিশন, ঢাকা কেন্দ্র
০৮। সিনিয়র ইঞ্জিনিয়ার.........................(সকল), বাংলাদেশ টেলিভিশন, ঢাকা
০৯। কন্ট্রোলার/লাইসেন্স ম্যানেজার, বাংলাদেশ টেলিভিশন, ঢাকা
১০। অনুষ্ঠান নির্বাহী, বাংলাদেশ টেলিভিশন, সদর দপ্তর, ঢাকা
১১। জনাব মো: মোস্তাফিজুর রহমান, কন্ট্রোলার/প্রোগ্রাম ম্যানেজার ও সোস্যাল মিডিয়া উইং এর দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা, বিটিভি, ঢাকা কেন্দ্র
১২। প্রকল্প পরিচালক....................(সকল), বাংলাদেশ টেলিভিশন, ঢাকা/চট্টগ্রাম কেন্দ্র
১৩। নিয়ন্ত্রক (প্রকৌশল/ক্যামেরা/ডিজাইন), বাংলাদেশ টেলিভিশন, ঢাকা কেন্দ্র
১৪। উপপরিচালক (প্রশাসন), বাংলাদেশ টেলিভিশন, সদর দপ্তর, ঢাকা
১৫। উপপরিচালক (নিরাপত্তা), বাংলাদেশ টেলিভিশন, সদর দপ্তর, ঢাকা
১৬। জনাব মোহাম্মদ মনির হোসেন, নির্বাহী প্রযোজক (বার্তা), বিটিভি, ঢাকা কেন্দ্র
১৭। জনাব নুসরাত জাবিন, রক্ষণ প্রকৌশলী, বাংলাদেশ টেলিভিশন, সদর দপ্তর, ঢাকা
১৮। সহকারী পরিচালক (প্রশাসন-১/২/৩/৪), বাংলাদেশ টেলিভিশন, সদর দপ্তর, ঢাকা
১৯। জনাব মো: আতাউর রহমান, উপসহকারী প্রকৌশলী, বিটিভি, সদর দপ্তর, ঢাকা
২০। উপকেন্দ্র প্রধান...............(সকল), বাংলাদেশ টেলিভিশন

অনুলিপি: সদয় জ্ঞাতার্থে-

০১। সচিবের একান্ত সচিব, তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)
০২। মহাপরিচালক এর ব্যক্তিগত সহকারী, বাংলাদেশ টেলিভিশন, ঢাকা (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)
০৩। কার্যালয় নথি

| সিনিয়র সিস্টেম এনালিস্ট এর কার্যালয় | |
|---|---|
| সিস্টেম এনালিস্ট | ☐ প্রয়োজনীয় ব্যবস্থা নিন |
| প্রোগ্রামার-১ | |
| প্রোগ্রামার-২ | ☐ উপস্থাপন করুন |
| রক্ষণাবেক্ষণ প্রকৌশলী | ☐ কথা বলুন |
| | ☐ তাগিদ দিন |
| সহঃ প্রোগ্রামার | ☐ |
| সহঃ রক্ষণাবেক্ষণ প্রকৌশলী | |
| পিএ | |
| | সিনিয়র সিস্টেম এনালিস্ট |

Zane Alam co-metting 2026

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ টেলিভিশন
সদর দপ্তর
রামপুরা, ঢাকা-১২১৯।
www.btv.gov.bd

# জানুয়ারি ২০২৬ খ্রি. মাসে অনুষ্ঠিত মাসিক সমন্বয় সভার কার্যবিবরণী

| | | |
|---|---|---|
| তারিখ | : | ২৬ শে জানুয়ারি ২০২৬ খ্রি. |
| সময় | : | দুপুর ১২:০৫ টা |
| স্থান | : | মহাপরিচালকের অফিসকক্ষ |
| সভাপতি | : | মহাপরিচালক |
| উপস্থিত কর্মকর্তাবৃন্দ | : | পরিশিষ্ট 'ক' দ্রষ্টব্য |

সকলকে শুভেচ্ছা জানিয়ে সভার কাজ শুরু করা হয়। শুরুতে ডিসেম্বর ২০২৫ মাসে অনুষ্ঠিত মাসিক সমন্বয় সভার কার্যবিবরণী দৃঢ়ীকরণ করা হয়। নির্ধারিত আলোচ্যসূচি অনুযায়ী বিস্তারিত আলোচনাক্রমে নিম্নবর্ণিত আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয়।

| ক্রম: | আলোচ্য বিষয় | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|
| ০১ | বিটিভি আধুনিকায়ন ও যুগোপযোগী করে তরুণ প্রজন্মের কাছে আকর্ষণীয় করে তোলা | ক) বিটিভির জন্য যুগোপযোগী ও তরুণ প্রজন্মের কাছে আকর্ষণীয় আধুনিক ফিচার সমৃদ্ধ এবং রাজস্ব আনয়নের জন্য সক্ষম মোবাইল অ্যাপস্ সংগ্রহের লক্ষ্যে কারিগরি দিক বিবেচনায় সফট্ওয়ার রিকোয়ারমেন্ট স্পেসিফিকেশন, যন্ত্রপাতির স্পেসিফিকেশন, ওয়ার্ক ফ্লো, সম্ভাব্য বাজারদর ও প্রয়োজনীয় প্রশিক্ষণ নির্ধারণের লক্ষ্যে গঠিত কমিটি কর্তৃক মন্ত্রণালয়ে যোগাযোগ করে নির্ধারিত সময়ের মধ্যে সকল কার্যক্রম দ্রুত বাস্তবায়ন করতে হবে। | সিনিয়র সিস্টেম এনালিস্ট |
| ০২. | সোস্যাল মিডিয়া সংক্রান্ত | ক) সোস্যাল মিডিয়ার প্রচার কার্যক্রম জোরদার ও বেগবান করার লক্ষ্যে আগামী দিনের রূপরেখা শিরোনামে সেমিনারের আয়োজন করতে হবে। | পরিচালক (বিজ্ঞাপন) ও জনাব মো: মোস্তাফিজুর রহমান কন্ট্রোলার/প্রোগ্রাম ম্যানেজার ঢাকা কেন্দ্র |
| | | খ) ইন্টারনেট সার্ভিস নির্বিঘ্ন রাখার নিমিত্ত জেনারেটরের সাথে এডিএন লাইন সংযোগ প্রদান করতে হবে। এ বিষয়ে ঢাকা কেন্দ্রের প্রকৌশল ও আইটি শাখাকে সিনিয়র সিস্টেম এনালিস্ট কারিগরি সহায়তা প্রদান করবেন। | সিনিয়র সিস্টেম এনালিস্ট |
| ০৩. | আর্কাইভিং অনুষ্ঠানের তালিকা তৈরী ও পুন:প্রচার | ক) আর্কাইভ অনুষ্ঠানের সময়সূচি ও তালিকা প্রণয়ন করত: অনুষ্ঠান ফেব্রুয়ারি ২০২৬ মাস হতে প্রচার শুরু করতে হবে।<br>খ) অংশগ্রহণকারী শিল্পীদের ক্ষেত্রে প্রচার উপযোগিতা যাচাই করে অনুষ্ঠান প্রচার করতে হবে। | জেনারেল ম্যানেজার ঢাকা কেন্দ্র |

| ক্রম: | আলোচ্য বিষয় | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|
| ০৪. | বিটিভির ক্ষয়ক্ষতি নিরসনে বিশেষ বরাদ্দকৃত ৬০.০০ কোটি টাকার কার্যক্রম | ক) বিটিভির ক্ষয়ক্ষতি নিরসনে বিশেষ বরাদ্দপ্রাপ্ত ৬০.০০ কোটি টাকার মেরামত, সম্প্রচার সংশ্লিষ্ট যন্ত্রপাতি ও সরঞ্জাম প্রতিস্থাপনের সকল কার্যক্রম যথাযথভাবে মনিটরিংপূর্বক ১০ ফেব্রুয়ারি ২০২৬ তারিখের মধ্যে বাস্তবায়ন নিশ্চিত করতে হবে।<br>খ) নিয়মিত বাজেটের আওতায় চলমান পূর্ত কাজ সমূহের বাস্তবায়ন অগ্রগতি সিনিয়র ইঞ্জিনিয়ার (পূর্ত, বিদ্যুৎ ও শীতাতপ) নিয়মিত মনিটরিং করবেন।<br>গ) অন্যান্য ক্ষয়ক্ষতির প্রেক্ষিতে যে সকল যন্ত্রপাতি প্রয়োজন তা সংগ্রহের লক্ষ্যে একটি প্রকল্প প্রস্তুত করতে হবে।<br>ঘ) ঢাকা কেন্দ্র হতে প্রতিস্থাপন করে সাময়িকভাবে ক্যামেরার ব্যবস্থা গ্রহণ করতে হবে।<br>ঙ) আসন্ন জাতীয় সংসদ নির্বাচনের জন্য স্থায়ীভাবে স্টুডিও স্থাপন, মনিটর, ল্যাপটপ, ক্যামেরার জন্য প্রাক্কলন প্রস্তুত করে ব্যয় বিভাজনসহ প্রস্তাব প্রেরণ করতে হবে। | প্রধান প্রকৌশলী |
| | | চ) বিটিভির অভ্যন্তরে ক্ষতিগ্রস্থ প্রকৌশল, ডিজাইন ও ক্যামেরা সংক্রান্ত মালামাল সরেজমিনে পরিদর্শন করার লক্ষ্যে বিটিভি সদর দপ্তর হতে গত ১৮.০১.২০২৬ তারিখে ১৫.৫৪.০০০০.০২১.০৬.০০১.২৩.২৮১ স্মারকে গঠিত কমিটি **নির্ধারিত সময়ের মধ্যে প্রতিবেদন দাখিল করেননি। কোনো ব্যত্যয় না** ঘটিয়ে আগামী ০৭ (সাত) দিনের মধ্যে মহাপরিচালক বরাবর প্রতিবেদন দাখিল করবেন। | জনাব মো: জিল্লুর রশিদ, সিনিয়র ইঞ্জিনিয়ার **(চ:দা:)**<br>**ও**<br>**গঠিত কমিটির** আহবায়ক জনাব নুসরাত জাবিন রক্ষণ প্রকৌশলী<br>ও<br>গঠিত কমিটির সদস্য-সচিব |

**<u>প্রশাসন শাখা:</u>**

| ক্রম: | আলোচ্য বিষয় | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|
| ০১. | ডি-নথি | ক) ডি নথির আনুসঙ্গিক কার্যক্রম সম্পন্ন হওয়ায় চট্টগ্রাম কেন্দ্রকে দ্রুত ডি-নথিতে সংযুক্ত করার লক্ষ্যে চট্টগ্রাম কেন্দ্রের ডি-নথি ব্যবহারকারী কর্মকর্তা/কর্মচারীদের প্রশিক্ষণ গত ২৬-২৯ জানুয়ারি ২০২৬ মাসে অনুষ্ঠিত হয়েছে। এ অংশটুকু কার্যবিবরণী হতে বাদ দেয়া যেতে পারে। | জেনারেল ম্যানেজার চট্টগ্রাম কেন্দ্র |
| | | খ) প্রশাসনিক মন্ত্রণালয়ে অনুষ্ঠিত সমন্বয় সভার নির্দেশনা অনুযায়ী ডি-নথিতে নথি নিষ্পন্নের হার ১০০% এ উন্নীত করতে হবে। সিনিয়র সিস্টেম এনালিস্ট ডি-নথির কার্যক্রম তদারকি করে মন্ত্রণালয়ের সমন্বয় সভার সিদ্ধান্ত বাস্তবায়ন করবেন। | সিনিয়র সিস্টেম এনালিস্ট |
| ০২. | ভূমি ও মামলা সংক্রান্ত | ক) ভূমি উন্নয়ন কর, হোল্ডিং ট্যাক্স ও পয়:নিষ্কাশন কর নিয়মিত পরিশোধিত রাখতে হবে।<br>খ) পূর্বাচল নতুন শহর প্রকল্পে বিটিভির অনুকূলে বরাদ্দকৃত জমি বিটিভিকে হস্তান্তরের জন্য প্রশাসনিক মন্ত্রণালয়ে এবং গৃহায়ণ ও গণপূর্ত মন্ত্রণালয়ে যোগাযোগ রাখতে হবে।<br>গ) বিটিভির অনিষ্পন্ন ১৯৭টি মামলা দ্রুত নিষ্পত্তির উদ্যোগ নিতে হবে।<br>ঘ) বিটিভির মামলাসমূহ দ্রুত নিষ্পত্তির লক্ষ্যে প্রেষণে আইন কর্মকর্তা নিয়োগের জন্য প্রশাসনিক মন্ত্রণালয়ে নিয়মিত যোগাযোগ রাখতে হবে। | পরিচালক (প্রশাসন) |

| ক্রম: | আলোচ্য বিষয় | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|
| ০৩. | বিটিভি রংপুর উপকেন্দ্রের সীমানা প্রাচীর সংলগ্ন অবৈধ স্থাপনা উচ্ছেদ | বিটিভি রংপুর উপকেন্দ্রের কেপিআই সীমানা প্রাচীর ঘেঁষে মাটি ভরাট করায় হেলে পড়া প্রাচীর ও উপকেন্দ্রে সৃষ্ট নিরাপত্তা বিঘ্নের জন্য অবৈধ দখলদার উচ্ছেদের লক্ষ্যে বিভাগীয় কমিশনার রংপুর, জেলা প্রশাসন, রংপুর, কেপিআইডিসি এবং স্থানীয় পুলিশ প্রশাসনের সাথে রংপুর উপকেন্দ্র প্রধান যোগাযোগ করে অবৈধ স্থাপনা উচ্ছেদের কার্যক্রম গ্রহণ করবেন। | উপকেন্দ্র প্রধান রংপুর |
| ০৪. | সুটিং স্পট নির্মাণ | ক) বিটিভি পুকুর পাড়ে সুটিং স্পট নির্মাণের জন্য কন্ট্রোলার (ডিজাইন)-এর দপ্তর হতে আগামী এক সপ্তাহের মধ্যে একাধিক ডিজাইন মহাপরিচালকের দপ্তরে উপস্থাপন করবেন। | নিয়ন্ত্রক (ডিজাইন) |
| | | খ) সুটিং স্পট নির্মাণের লক্ষ্যে স্থাপত্য ও গণপূর্ত অধিদপ্তরের সাথে নিয়মিত যোগাযোগ অব্যাহত রাখতে হবে। | প্রধান প্রকৌশলী |
| ০৫. | সিসিটিভি ক্যামেরা সংস্থাপন | বাংলাদেশ টেলিভিশন কেপিআই স্থাপনা হিসেবে সিসিটিভি ক্যামেরা সংস্থাপনের প্রয়োজন। সিনিয়র সিস্টেম এনালিস্ট আগামী ১৫ (পনেরো) দিনের মধ্যে বিটিভি ভবনের বাহিরে ও অভ্যন্তরে সিসিটিভি ক্যামেরা সংস্থাপনের কার্যক্রম গ্রহণপূর্বক মহাপরিচালকের নিকট প্রতিবেদন দাখিল করবেন। | সিনিয়র সিস্টেম এনালিস্ট |
| ০৬. | বিটিভির নিরাপত্তা | ক) ফায়ার সেফটি প্ল্যান এর জন্য গঠিত কমিটি কর্তৃক সুপারিশসহ দাখিলকৃত প্রতিবেদন অনুযায়ী পরবর্তী কার্যক্রম দ্রুত গ্রহণ করবেন।<br>খ) প্রশাসনিক মন্ত্রণালয় হতে প্রাপ্ত নির্দেশনা অনুযায়ী বিটিভি সদর দপ্তরসহ সকল কেন্দ্র/উপকেন্দ্রের নিরাপত্তা নিশ্চিতকল্পে পত্রে বর্ণিত সকল নির্দেশনা প্রতিপালন নিশ্চিত করতে হবে।<br>গ) অগ্নি নির্বাপন ব্যবস্থা সচল/কার্যকর রাখার লক্ষ্যে ঢাকা কেন্দ্রের ফায়ার হাইড্রেন্ট ব্যবস্থা গণপূর্ত বিভাগের মাধ্যমে দ্রুত বাস্তবায়ন করতে হবে। | জনাব মো: জিল্লুর রশিদ সিনিয়র ইঞ্জিনিয়ার (চ:দা) ও উপপরিচালক (নিরাপত্তা) |
| ০৭. | বায়োমেট্রিক হাজিরা | ক) নিয়মিত উপস্থিতি নিশ্চিত করণের লক্ষ্যে বায়োমেট্রিক হাজিরা প্রতিবেদন সকল কেন্দ্র/উপকেন্দ্র থেকে প্রতি মাসের ০৫ তারিখের মধ্যে আইটি শাখায় প্রেরণ করতে হবে। সিনিয়র সিস্টেম এনালিস্ট প্রাপ্ত প্রতিবেদন পর্যালোচনা করে উপস্থিতির হার উল্লেখপূর্বক সুনির্দিষ্ট প্রতিবেদন দাখিল করবেন। | সিনিয়র সিস্টেম এনালিস্ট ও কেন্দ্র/উপকেন্দ্র প্রধান (সকল) |
| | | খ) সরকারি কর্মচারি নিয়মিত (নিয়মিত উপস্থিতি) বিধিমালা, ২০১৯ অনুযায়ী উপকেন্দ্রে কর্মরত সকল কর্মকর্তা/কর্মচারিদের প্রতিমাসের হাজিরা পর্যালোচনা করে উপস্থিতির হার উল্লেখপূর্বক সদর দপ্তরে প্রেরণ নিশ্চিত করবেন। | কেন্দ্র/উপকেন্দ্র প্রধান (সকল) |
| ০৮. | বিটিভির জনবল সংক্রান্ত | ক) ঢাকা ও চট্টগ্রাম কেন্দ্রের জনবলের চাহিদা পূরণে নির্দিষ্ট মেয়াদে পদায়নের জন্য প্রত্যাবর্তনের তারিখ উল্লেখপূর্বক রোস্টার প্রস্তুত করতে হবে। রোস্টার অনুযায়ী চট্টগ্রাম কেন্দ্রে পূর্বে সংযুক্ত জনবল ফেরত আনার ও নতুন জনবল পদায়নের ব্যবস্থা গ্রহণ করতে হবে।<br>খ) ৩য় ও ৪র্থ শ্রেণির সরাসরি জনবল নিয়োগের কার্যক্রম ত্বরান্বিত করার লক্ষ্যে দ্রুত নিয়োগ বিজ্ঞপ্তি প্রকাশের ব্যবস্থা গ্রহণ করতে হবে। | উপমহাপরিচালক (প্রশাসন ও অর্থ) |

| ক্রম: | আলোচ্য বিষয় | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|
| ০৯. | প্রশিক্ষণ সংক্রান্ত | ক) বার্ষিক প্রশিক্ষণ ক্যালেন্ডার অনুযায়ী প্রশিক্ষণ আয়োজনের পূর্বে প্রশিক্ষণার্থীর তালিকা মহাপরিচালক কর্তৃক অনুমোদিত হতে হবে।<br>খ) সচিবালয় নির্দেশমালা ২০২৪ অনুসরণে সদর দপ্তর হতে প্রশাসনিক সকল প্রশিক্ষণ আয়োজন করবে। | পরিচালক (প্রশাসন) |
| | | গ) ঢাকা ও চট্টগ্রাম কেন্দ্রে প্রফেশনাল প্রশিক্ষণ আয়োজন করবে। প্রশাসনিক/আর্থিক বিষয়ে প্রশিক্ষণের আয়োজনের ক্ষেত্রে মহাপরিচালকের অনুমোদন গ্রহণ করতে হবে। | জেনারেল ম্যানেজার ঢাকা/চট্টগ্রাম কেন্দ্র |

**<u>অর্থ ও হিসাব শাখা:</u>**

| ক্রম: | আলোচ্য বিষয় | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|
| ০১. | অডিট আপত্তি সংক্রান্ত | ক) বিটিভির অনিষ্পন্ন অডিট আপত্তিসমূহের বিষয়ে অডিট অধিদপ্তরের মতামত প্রাপ্তিতে প্রয়োজনীয় যোগাযোগ অব্যাহত রাখতে হবে।<br>খ) পরিচালন বাজেটের আওতায় মামলা জড়িত নয় এমন আপত্তি সমূহের ব্রডশীট জবাব দ্রুত প্রেরণ করতে হবে।<br>**গ) অডিট আপত্তির জবাব সংশ্লিষ্ট শাখা থেকে যৌক্তিক তথ্য সমৃদ্ধ ও** সন্তোষজনক হতে হবে। **অপ্রাসঙ্গিক ও আগোছালো জবাবের জন্য** অনিষ্পন্ন আপত্তির দায় সংশ্লিষ্ট কর্মকর্তাকে বহন করতে হবে।<br>ঘ) অডিট আপত্তির মাসিক রিপোর্টের সার সংক্ষেপ প্রতি মাসের প্রথম সপ্তাহে প্রশাসন শাখায় প্রেরণ নিশ্চিত করতে হবে।<br>ঙ) বাংলাদেশ টেলিভিশনের দেশব্যাপী ডিজিটাল টেরিস্ট্রিয়াল সম্প্রচার শীর্ষক প্রকল্পের অডিট আপত্তির ব্রডশীট জবাব প্রেরণ দ্বি-পক্ষীয়/ত্রি-পক্ষীয় সভার আয়োজন প্রকল্প পরিচালকের কার্যালয় সম্পন্ন করবে।<br>চ) অন্যান্য প্রকল্পের অডিট আপত্তির বিষয়ে প্রেরিত ব্রডশীট জবাবের উপর অডিট আপত্তির মন্তব্য প্রাপ্তিতে প্রয়োজনীয় যোগাযোগ অব্যাহত রাখতে হবে।<br>ছ) প্রকল্পের অনিষ্পন্ন আপত্তির জবাব প্রস্তুত করে মন্ত্রণালয়ে দ্রুত প্রেরণ করতে হবে। | প্রধান প্রকৌশলী<br>পরিচালক (সকল)<br>জেনারেল ম্যানেজার ঢাকা/চট্টগ্রাম কেন্দ্র<br>**প্রকল্প পরিচালক (সকল)**<br>**ও**<br>**উপকেন্দ্র প্রধান**<br>(সকল) |
| ০২. | বার্ষিক ক্রয় পরিকল্পনা বাস্তবায়ন | ক) ২০২৫-২৬ অর্থ বছরের বার্ষিক ক্রয় পরিকল্পনা অনুযায়ী সকল ক্রয়কার্য দ্রুত বাস্তবায়নের উদ্যোগ গ্রহণ করতে হবে।<br>খ) রাজস্ব ও প্রকল্পের ক্রয় সংক্রান্ত আপত্তি যাতে উত্থাপিত না হয় সে বিষয়ে সংশ্লিষ্ট সকলকে ক্রয় কাজে সরকারি আইন ও বিধিবিধান অনুসরণ করতে হবে।<br>গ) ক্রয় সংশ্লিষ্ট অডিট আপত্তি নিষ্পত্তির জন্য সংশ্লিষ্ট সকলকে উদ্যোগী ভূমিকা পালন করতে হবে। ক্রয় কার্যক্রমে অডিট আপত্তির দায় সংশ্লিষ্ট কর্মকর্তাকে বহন করতে হবে। | প্রধান প্রকৌশলী<br>ও<br>পরিচালক (সকল) |
| | | ক) ২০২৫-২৬ অর্থ বছরে সকল ক্রয়কার্য APP অনুযায়ী নির্ধারিত সময়ের মধ্যে সম্পন্ন করে পণ্য গ্রহণ কমিটির প্রতিবেদন অনুযায়ী স্টোর কর্তৃক জিআরএন সম্পন্ন করতে হবে।<br>খ) পণ্য গ্রহণ কমিটির প্রতিবেদন ব্যতিরেকে স্টোর কর্তৃক কোনো জিআরএন না করার জন্য নির্দেশনা প্রদান করা হলো। | পরিচালক (প্রশাসন) |

| ক্রম: | আলোচ্য বিষয় | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|
| ০৩. | আর্থিক ব্যবস্থাপনা | ক) পরিচালন বাজেটের প্রান্তিক ভিত্তিতে খাতওয়ারী আয় ও ব্যয়ের হিসাব সভায় উপস্থাপন করতে হবে।<br>খ) প্রান্তিক ভিত্তিক রাজস্ব আহরণ, বাজেট বাস্তবায়ন, ক্রয় পরিকল্পনা বাস্তবায়ন ও অডিট আপত্তি নিষ্পত্তি সংক্রান্ত কার্যক্রমের অগ্রগতি পর্যালোচনার জন্য আর্থিক ব্যবস্থাপনা কমিটির সভা প্রান্তিক ভিত্তিতে আহবান করতে হবে। | উপমহাপরিচালক (প্রশাসন ও অর্থ), পরিচালক (অর্থ) ও জেনারেল ম্যানেজার ঢাকা/চট্টগ্রাম কেন্দ্র |
| ০৪. | লাইসেন্স সংক্রান্ত | ক) ২০২৫-২৬ অর্থ বছরে নতুন লাইসেন্স প্রদানের পাশাপাশি লক্ষ্যমাত্রা অনুযায়ী লাইসেন্স নবায়ন অব্যাহত রাখতে হবে।<br>খ) বিটিভির চ্যানেলসমূহ স্বচ্ছ ও পরিচ্ছন্নভাবে টিভি সেটে প্রদর্শিত হচ্ছে কিনা তা গঠিত ভিজিলেন্স টিম কর্তৃক সরেজমিনে বিভিন্ন এলাকা পরিদর্শন অব্যাহত রাখতে হবে।<br>গ) লাইসেন্স শাখা কর্তৃক মাসিক আয়ের তথ্যচিত্র সভায় উপস্থাপন করতে হবে।<br>**ঘ) মাইগভ/বিটিভির ওয়েবসাইটের মাধ্যমে লাইসেন্স ইস্যু সংক্রান্ত কার্যক্রম অনলাইনে সম্পাদন করতে হবে।**<br>**ঙ) অনলাইনে প্রাপ্ত আবেদন দ্রুত নিষ্পত্তি করতে হবে।** | কন্ট্রোলার/লাইসেন্স ম্যানেজার |

**অনুষ্ঠান সংক্রান্ত:**

| ক্রম: | আলোচ্য বিষয় | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|
| ০১. | শিল্পী সম্মানী ইএফটিএন-এ পরিশোধ | ক) ঢাকা কেন্দ্রের পাশাপাশি চট্টগ্রাম কেন্দ্রের ইএফটিএন এর মাধ্যমে শিল্পী সম্মানী পরিশোধের লক্ষ্যে প্রয়োজনীয় সফটওয়্যার/ডেভেলপমেন্টের ব্যবস্থা গ্রহণপূর্বক প্রতিবেদন দাখিল করবেন। | সিনিয়র সিস্টেম এনালিস্ট |
| | | খ) ঢাকা কেন্দ্র হতে শিল্পীদের অনুকূলে ইস্যুকৃত সম্মানীর কোনো চেক সোনালী ব্যাংক কর্তৃক ডিজঅনার হচ্ছে না মর্মে ঢাকা কেন্দ্রের জেনারেল ম্যানেজার সভায় অবহিত করেন। একইসাথে চেক বাউন্সের বিষয়টি বিবেচনায় রেখে ব্যাংক স্থিতি নিশ্চিত হয়ে শিল্পীদের অনুকূলে চেক ইস্যু করতে হবে। যাতে ব্যাংক কর্তৃক চেকের অর্থ পরিশোধের জন্য কোনো জটিলতা সৃষ্টি না হয়। | জেনারেল ম্যানেজার ঢাকা/চট্টগ্রাম কেন্দ্র |
| ০২. | প্রান্তিক ভিত্তিতে অনুষ্ঠান নির্মাণ | ক) অনুমোদিত ফিক্সড পয়েন্ট চার্ট অনুসরণ করে প্রান্তিক ভিত্তিতে অনুষ্ঠান পরিকল্পনাপূর্বক নির্মাণ ও প্রচার করতে হবে।<br>খ) বিশেষ অনুষ্ঠান নির্মাণের ক্ষেত্রে আবশ্যিকভাবে মহাপরিচালকের পূর্ব অনুমোদন গ্রহণ করতে হবে।<br>গ) প্রান্তিকের নির্ধারিত অনুষ্ঠান নির্মাণের পূর্বেই অনুষ্ঠানের বাজেটে সংশ্লিষ্ট কর্তৃপক্ষের অনুমোদন গ্রহণ করতে হবে। অনুষ্ঠান নির্মাণের অনুমোদিত বাজেট, প্রকৃত ব্যয়, হ্রাস বৃদ্ধি সংক্রান্ত রিপোর্ট মহাপরিচালকের দপ্তরে উপস্থাপন করতে হবে। | উপমহাপরিচালক (অনুষ্ঠান) জেনারেল ম্যানেজার ঢাকা/চট্টগ্রাম কেন্দ্র |
| ০৩. | শিল্পী কলাকুশলীদের তালিকা হালনাগাদকরণ | বিদ্যমান নীতিমালা অনুসরণ করে শিল্পীর ক্যাটাগরী অনুযায়ী হালনাগাদ তালিকা ফেব্রুয়ারি ২০২৬ মাসের মধ্যে সম্পন্ন করতে হবে। | জেনারেল ম্যানেজার চট্টগ্রাম কেন্দ্র |

| | আলোচ্য বিষয় | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|
| ০৪. | নতুন কুড়ির সেরা দশ এ উত্তীর্ণ শিল্পী | ক) শিশু কিশোরদের প্রতিভা অন্বেষণ প্রতিযোগিতা নতুন কুঁড়ি-২০২৫-এর 'সেরা দশ'-এ উত্তীর্ণ সকল বিভাগের অংশগ্রহণকারীদের মধ্যে ন্যূনতম ৭০% অংশগ্রহণকারীকে বাংলাদেশ টেলিভিশনের শিশু-কিশোরদের (পরবর্তীতে তরুণদের) অনুষ্ঠানে সম্পৃক্ত রাখতে হবে। এ লক্ষ্যে অগ্রাধিকার ভিত্তিতে তালিকা প্রস্তুত করে মন্ত্রণালয়কে অবহিত করতে হবে।<br>খ) নতুন কুঁড়ি-২০২৫-এর 'সেরা দশ'-এ সকল উত্তীর্ণ শিল্পী বিটিভির তালিকাভূক্ত হবে। সকল বিভাগের অংশগ্রহণকারীদের নিয়ে "শিশু প্রহর" শিরোনামে অনুষ্ঠানের পরিকল্পনা ও সময়সূচি প্রণয়নের ব্যবস্থা গ্রহণ করতে হবে। | জেনারেল ম্যানেজার ঢাকা/চট্টগ্রাম কেন্দ্র |
| ০৫. | অনুষ্ঠানে শিল্পীদের অংশগ্রহণ | ক) ঢাকা কেন্দ্রের তালিকাভুক্ত শিল্পীগণ ঢাকা কেন্দ্র হতে ছাড়পত্র গ্রহণের মাধ্যমে চট্টগ্রাম কেন্দ্রের অনুষ্ঠানে অংশগ্রহণ করতে পারবে।<br>খ) চট্টগ্রাম কেন্দ্রে তালিকাভুক্ত আঞ্চলিক শিল্পীগণ চট্টগ্রাম কেন্দ্রের সকল অনুষ্ঠানে অংশগ্রহণ করতে পারবে। চট্টগ্রাম কেন্দ্রের তালিকাভুক্ত শিল্পীগণ ঢাকা কেন্দ্রে অডিশনের মাধ্যমে উত্তীর্ণ হওয়া সাপেক্ষে ঢাকা কেন্দ্রের অনুষ্ঠানে অংশগ্রহণ করতে পারবে।<br>**গ) ঢাকা ও চট্টগ্রাম কেন্দ্রের তালিকাভুক্ত শিল্পীর শ্রেণি অনুযায়ী শিল্পীগণকে মাসিক অনুষ্ঠান প্রদান করতে হবে।** | জেনারেল ম্যানেজার ঢাকা/চট্টগ্রাম কেন্দ্র |
| ০৬. | টিভি গাইড প্রকাশ | ঢাকা ও চট্টগ্রাম কেন্দ্রের অনুষ্ঠান প্রচার সংক্রান্ত পূর্ণাঙ্গ তথ্য সমৃদ্ধ টিভি গাইড প্রান্তিক ভিত্তিক প্রকাশ নিশ্চিত করতে হবে। | পরিচালক (অনুষ্ঠান ও পরিকল্পনা) |

**<u>বার্তা সংক্রান্ত:</u>**

| ক্রম: | আলোচ্য বিষয় | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|
| ০১. | জেলা সংবাদদাতা | জেলা সংবাদদাতাদের নিয়োজন বাতিলের পরিপ্রেক্ষিতে রায়ের বিরুদ্ধে সরকার পক্ষে মাননীয় সুপ্রিম কোর্টের আপিল বিভাগে সিভিল পিটিশন ফর লিভ টু আপিল নং- ৬৬/২০২৬, ৬৭/২০২৬ এবং ৬৮/২০২৬ দায়ের করা হয়। গত ১১.০১.২০২৬ খ্রি. তারিখ চেম্বার জজ আদালত হতে ১৩.০১.২০২৬ খ্রি. তারিখ শুনানির জন্য ফিক্সড করা হয়। নির্ধারিত তারিখে শুনানির তালিকায় না আসায় গত ১৮.০১.২০২৬ খ্রি. তারিখ বিজ্ঞ অ্যাটর্নি জেনারেলের সাথে সরাসরি সাক্ষাত করলে তিনি জানান মামলা ০৩টি মেনশনের মাধ্যমে ফুল বেঞ্চে আনয়নপূর্বক শুনানির প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন। গত ০২.০২.২০২৬ তারিখে শুনানির তালিকায় ১৬০, ১৬১ ও ১৬২ নম্বরে ছিল। শুনানি হয়নি। পরবর্তী তারিখ ধার্য হয়নি। মামলার ফোকাল পয়েন্ট কর্মকর্তা আদালত এবং সংশ্লিষ্ট ডিএজির সাথে শুনানির বিষয়ে যোগাযোগ অব্যাহত রাখবেন। | উপমহাপরিচালক (বার্তা) ও ফোকাল পয়েন্ট কর্মকর্তা জনাব মোহাম্মদ মনির হোসেন নির্বাহী প্রযোজক (বার্তা) ঢাকা কেন্দ্র |

**প্রকল্প সংক্রান্ত:**

| ক্রম: | আলোচ্য বিষয় | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|
| ০১. | দেশব্যাপী ডিজিটাল টেরিস্ট্রিয়াল সম্প্রচার শীর্ষক প্রকল্প | ক) প্রকল্পের অনিষ্পন্ন অডিট আপত্তির জবাব নিষ্পত্তিতে ব্যর্থ হলে সংশ্লিষ্ট কর্মকর্তা দায়ী থাকবেন।<br>খ) প্রকল্পের অবকাঠামোসহ দৃশ্যমান অগ্রগতি ও হালনাগাদ তথ্যাদি সভায় উপস্থাপন করতে হবে।<br>গ) এন্টেনা স্থানান্তরের পূর্বে টাওয়ারের সক্ষমতা বুয়েট এর মাধ্যমে যাচাই করে নিতে হবে।<br>ঘ) দেশব্যাপী ডিজিটাল টেরিস্ট্রিয়াল সম্প্রচার শীর্ষক প্রকল্পের LOT-2 এর এন্টেনা ফিডার ক্যাবল টাওয়ারে সংস্থাপনের সময় সংশ্লিষ্ট উপকেন্দ্রের নির্ধারিত সম্প্রচার এলাকায় বিটিভির এনালগ টেরিস্ট্রিয়াল সম্প্রচার সাময়িকভাবে বন্ধ থাকবে। সম্প্রচার সাময়িকভাবে বন্ধ থাকার পূর্বে এ বিষয়ে সভা করে সভার সিদ্ধান্ত মন্ত্রণালয়কে অবহিত করতে হবে।<br>ঙ) যে সকল উপকেন্দ্রে টাওয়ারে এন্টেনা স্থাপনের সময় সম্প্রচার বন্ধ থাকবে সে সকল এলাকার নাম উল্লেখপূর্বক বিটিভিতে স্ক্রল প্রদর্শন করতে হবে। | প্রধান প্রকৌশলী ও সংশ্লিষ্ট প্রকল্প পরিচালক |
| ০২. | বিটিভি চট্টগ্রাম কেন্দ্রের প্রকল্প | ক) পূর্তকাজসহ অন্যান্য কাজ মনিটরিং করে যথাযথভাবে সম্পন্ন করতে হবে এবং নিয়মিত পিআইসি সভা আয়োজন করতে হবে।<br>খ) প্রকল্পের গুরুত্বপূর্ণ পূর্ত কাজ বাস্তবায়নকালে আবশ্যিকভাবে প্রকল্প পরিচালককে প্রকল্পস্থলে অবস্থান করতে হবে।<br>গ) মাল্টিপারপাস ভবনের ভিতরে এবং বাহিরে রং, মার্বেল, ইন্টেরিয়র এবং ইকুস্টিক এর কাজ দ্রুত সম্পন্ন করতে হবে।<br>ঘ) যে কোনো ক্রয় কাজে অডিট আপত্তি এড়াতে প্রযোজ্য সরকারি আইন ও বিধিবিধান প্রতিপালনে নিশ্চিত থাকতে হবে। | |

**বিজ্ঞাপন সংক্রান্ত:**

| ক্রম: | আলোচ্য বিষয় | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|
| ০১. | বিজ্ঞাপন প্রচার সংক্রান্ত | ক) বিজ্ঞাপনদাতা ও এজেন্সীর সাথে যোগাযোগ করে তাদের নিয়ে একটি ওয়ার্কশপ/সেমিনার আয়োজন করতে হবে। বিজ্ঞাপনদাতা ও এজেন্সীদের সমস্যাগুলো লিপিবদ্ধ করে প্রয়োজনীয়তা অনুসারে বিজ্ঞাপন নীতিমালা পরিবর্তনের উদ্যোগ গ্রহণ করতে হবে।<br>খ) বিজ্ঞাপন সংগ্রহের লক্ষ্যে বিজ্ঞাপনদাতা ও এজেন্সীর পাশাপাশি সরকারি, স্বায়ত্তশাসিত সংস্থা ও বেসরকারি প্রতিষ্ঠানের সাথে নিয়মিত যোগাযোগ করতে হবে।<br>গ) সরকারি দপ্তরের প্রচারিত বিজ্ঞাপনসমূহের ক্ষেত্রে বিটিভির বিদ্যমান রেটকার্ড অনুযায়ী অর্থ দাবী করে বিল সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের নিকট পাঠাতে হবে।<br>ঘ) সোস্যাল মিডিয়ার জন্য প্রণীত রেটকার্ড সরকার কর্তৃক অনুমোদনের জন্য মন্ত্রণালয়ে যোগাযোগ অব্যাহত রাখতে হবে।<br>ঘ) বিটিভি নিউজ চ্যানেলের জন্য বিজ্ঞাপনের রেটকার্ড অনুযায়ী বিজ্ঞাপন সংগ্রহ করতে হবে।<br>ঙ) বিজ্ঞাপন এজেন্সী তালিকাভুক্তি নীতিমালা সংশোধনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | পরিচালক (বিজ্ঞাপন) |

| ক্রম: | আলোচ্য বিষয় | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|
| ০২. | অনুষ্ঠানের মানসম্মত প্রমো নির্মাণ | বিজ্ঞাপন সংগ্রহের সুবিধার্থে নির্মিত অনুষ্ঠানের মানসম্মত প্রমো অনুষ্ঠান প্রচারের ১৫দিন পূর্বেই ঢাকা কেন্দ্র হতে বিজ্ঞাপন শাখায় প্রেরণ নিশ্চিত করতে হবে। | জেনারেল ম্যানেজার ঢাকা কেন্দ্র |

০৪। আর কোনো আলোচ্য বিষয় না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

মো: মাহবুবুল আলম
মহাপরিচালক
ফোনঃ ৫৫১৩২২২২ (অফিস)
ই-মেইল: dg@btv.gov.bd